

শিক্ষা নিয়ে গড়ব দেশ,
শেখ হাসিনার বাংলাদেশ।

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (৪র্থ তলা)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।
ফ্যাক্স: ০২-৪১০৩০০৪৯, ওয়েবসাইট: www.ntrca.gov.bd
ই-মেইল: ntrca2005@yahoo.com

স্মারক নং: বেশিনিক/শি.শি/তৃতীয় নিয়োগ চক্র/১০৫৮/২০১৯/৪৭১

তারিখ: ২৯ জানুয়ারি ২০২০।


e-Requisition বিজ্ঞপ্তি (ওয়েবসাইটের মাধ্যমে প্রকাশিত)

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ই-রিকুইজিশন সংশোধন করার জন্য ৩১/০১/২০২০ হতে ০৯/০২/২০২০ তারিখ পর্যন্ত জেলা শিক্ষা অফিসারগণকে Edit ক্ষমতা প্রদান করা হলো। যে সকল বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান ইতোমধ্যে ই-রিকুইজিশন প্রদানে ভুল করেছেন অর্থাৎ ভুল সংশোধন করা প্রয়োজন, সে সকল শিক্ষা প্রতিষ্ঠান সংশ্লিষ্ট জেলা শিক্ষা অফিসে যোগাযোগ করে উক্ত ই-রিকুইজিশনের ভুল সংশোধন করবেন। সেক্ষেত্রে শুধুমাত্র সংশ্লিষ্ট জেলা শিক্ষা অফিসার উক্ত প্রতিষ্ঠানের ই-রিকুইজিশনে চাহিত পদগুলো বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের জনবল কাঠামো ও এমপিও নীতিমালা ২০১৮ অনুযায়ী কম/বেশি হলে তা সংশোধন করার ক্ষমতা রাখেন। অন্যান্য সকল শিক্ষা প্রতিষ্ঠানের ই-রিকুইজিশন জেলা শিক্ষা অফিসারগণ পরীক্ষা নিরীক্ষা করবেন এবং সঠিক বলে submit করবেন এবং ভুল হলে সংশোধনপূর্বক submit করবেন।

উল্লেখ্য যে, বর্ণিত সময়সীমার মধ্যে ই-রিকুইজিশন সংক্রান্ত সকল সংশোধন কার্যক্রম সম্পন্ন করতে হবে এবং উক্ত সময়সীমা অতিক্রান্ত হবার পর ই-রিকুইজিশন সংশোধনের সময়সীমা আর বৃদ্ধি করা হবে না এবং জেলা শিক্ষা অফিসারের যাচাইকৃত পদগুলো সঠিক মর্মে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে।

ই-রিকুইজিশন নির্ভুলভাবে সম্পন্নকরণের লক্ষ্যে বিষয়টি অতিব জরুরী।

জরুরি যোগাযোগ: ০২-৪১০৩০৩৯৩ (অফিস চলাকালীন সময়)


২৯/১/২০

পরিচালক

শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান
এনটিআরসিএ, ঢাকা।
ফোন: ০২-৪১০৩০১২১

অনুলিপি (কার্যার্থে):

১. জেনারেল ম্যানেজার (মার্কেটিং এন্ড ভি.এ.এস.), টেলিটক বাংলাদেশ লিমিটেড, রাজউক কমার্শিয়াল কমপ্লেক্স, হোল্ডিং নং- ৩/এ, ৫/এ, ৭/এ রোড নং- ১৭, গুলশান-১, ঢাকা- ১২১২।
২. সিস্টেম এনালিস্ট, এনটিআরসিএ (বিজ্ঞপ্তিটি এনটিআরসিএ'র ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।
৩. জেলা শিক্ষা অফিসার (সকল), উক্ত ই-রিকুইজিশন কার্যক্রমটি সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল), উক্ত ই-রিকুইজিশন কার্যক্রমটি সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।